# গৃহ ঋণ বার্তা

বিএইচবিএফসি'র ত্রৈমাসিক বুলেটিন

গৃহায়ণের দিগন্তে সাহসি পদক্ষেপ।

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন | BANGLADESH HOUSE BUILDING FINANCE CORPORATION | ১ম বর্ষ ২য় সংখ্যা | জানুয়ারি-মার্চ ২০১২


## সম্পাদকীয়

গৃহ নির্মাণ ঋণ বিতরণের ক্ষেত্রে দেশের আবাসন অবকাঠামো উন্নয়নে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। স্বাধীনতাত্তোর বাংলাদেশে পুনর্গঠিত এ প্রতিষ্ঠানটি সরকারী পর্যায়ে সেবামূলক কর্মকান্ডে অনবদ্য ভূমিকা পালন করে আসছে। সাম্প্রতিক সময়ে এর সার্বিক কর্মকান্ডে ব্যাপকভাবে গতিশীলতা অর্জিত হয়েছে। যুগোপযোগী কার্যকর ব্যবস্থা গ্রহণের ফলে বৃদ্ধি পেয়েছে এর সার্বিক সেবার মান। ফলে আমলাতান্ত্রিক জটিলতা দূরীভূত হয়েছে। ঋণ মজুরী ও বিতরণে গতিশীলতা অর্জনের মাধ্যমে দীর্ঘসূত্রীতা পরিহার করা সম্ভব হয়েছে। ঋণ আদায় কৌশল ও মামলা নিষ্পত্তি প্রক্রিয়ায় গতি বৃদ্ধি পেয়েছে নতুন ভাবে। উর্ধ্বতন কর্মকর্তাদের প্রতিনিয়ত মাঠ পর্যায়ের অফিসসমূহ পরিদর্শন বাধ্যতামূলক করা হয়েছে। এর ফলে **শৃংখলা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পেয়েছে**।



ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পদক্ষেপ এবং নিয়মিত মনিটরিং এর ফলে পরিবর্তন এসেছে সর্বস্তরে নিয়োগ, পদোন্নতি ও বদলির ক্ষেত্রে। দীর্ঘদিনের সৃষ্ট সিন্ডিকেট ভেঙ্গে দেয়ায় **কর্পোরেশনের সুনাম বৃদ্ধি পেয়েছে**। যার সুফল কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারী এবং সম্মানিত গ্রাহকগণ ভোগ করছেন। পাশাপাশি কর্পোরেশনের দৈনন্দিন খরচের ক্ষেত্রটিও সংকুচিত হয়েছে। যা প্রতিষ্ঠানের আয় বৃদ্ধিতে সহায়ক হবে। ব্যবসায়িক সাফল্যের পাশাপাশি নান্দনিক ক্ষেত্রেও পরিবর্তন হচ্ছে যার ফলে কর্পোরেশনের অভ্যন্তরীণ ও বাহ্যিক পরিবেশ উন্নত হচ্ছে। এছাড়া অভ্যন্তরীণ ও বাহ্যিক নিরাপত্তার জন্য যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বর্তমানে সরকারী বিভিন্ন রাষ্ট্রীয় ও চিত্ত বিনোদনমূলক অনুষ্ঠান সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের অংশ গ্রহণে যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে।



সম্প্রতি কর্পোরেশনের সার্বিক ব্যবসায়িক সফলতা এবং গৃহীত কার্যক্রম জাতীয় সংসদের সরকারী প্রতিষ্ঠান বিষয়ক সংসদীয় কমিটির-সভা কর্তৃক প্রশংসিত হয়েছে। এটা **কর্পোরেশনের জন্য বিরাট সাফল্য**। এছাড়া বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় প্রায় প্রতিদিনই কর্পোরেশনের উন্নতি ও অগ্রগতির খবর প্রচারিত হচ্ছে। যার ফলে কর্পোরেশনের মর্যাদা এবং ভাবমূর্তি প্রসারিত হচ্ছে।

সফলতার স্বীকৃতি ও সুনাম বর্ধিত দায়িত্ব বোধেরই সমার্থক। এ উপলব্দি থেকে বিএইচবিএফসি তার সেবা কার্যক্রম সর্বস্তরের মানুষের দোড়গোরায় নিয়ে যেতে সচেষ্ট। দেশের বিভাগীয়, মেট্রোপলিটন এবং জেলা ও উপজেলা পর্যায়ের পৌর এলাকা সমূহের পাশাপাশি গ্রামীন নিম্নবিত্ত ও নিম্ন-মধ্যবিত্তদের গৃহ নির্মাণ ঋণ-সেবা প্রদানের পরিকল্পনা সক্রিয় বিবেচনাধীন আছে। এ বিষয়ে সরকারের পৃষ্ঠপোষকতা পেলে গ্রামীণ জনগোষ্ঠির গৃহায়ণ সমস্যা সমাধানের মাধ্যমে নিম্ন ও নিম্ন-মধ্যবিত্ত শ্রেণীর মানুষের শহরমুখী অভিবাসন প্রবণতাও স্তিমিত করা সম্ভব হবে এবং সেই সাথে আবাদী জমির রক্ষার জন্য গ্রামাঞ্চলে অনাবাদী ও খাস জমিতে কর্পোরেশনের অর্থায়নে বহুতল ভবন (মাল্টিষ্টোরিড বিল্ডিং) নির্মাণের পরিকল্পনা রয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে **কর্পোরেশনের বর্তমান ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আন্তরিক এবং দৃঢ় প্রতিজ্ঞ**।

## বিএইচবিএফসির ঋণ জনপ্রিয় কেন ?

বিগত শতাব্দির ৯০ দশকের শেষ দিক হতে গৃহায়ণ খাতে কয়েকটি বাণিজ্যিক ব্যাংক এবং কতিপয় বেসরকারী প্রতিষ্ঠান ঋণ প্রদান শুরু করলেও বিএইচবিএফসি প্রায় ৬০ বছর ধরে দেশের একমাত্র সরকারী বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান হিসাবে মধ্যবিত্ত ও নিম্ন-মধ্যবিত্তদের জন্য ঋণ প্রদানের প্রধান উৎস। নিম্নোক্ত বৈশিষ্ট্যসমূহের জন্য বিএইচবিএফসি কর্তৃক প্রদত্ত ঋণ জনসাধারণের নিকট এত জনপ্রিয় ঃ

- বিএইচবিএফসি দেশের একমাত্র আর্থিক প্রতিষ্ঠান যার প্রদত্ত ঋণের কার্যকরী সুদের হার সবচেয়ে কম ;
- একমাত্র বিএইচবিএফসি'ই সরল সুদে ঋণ প্রদান করে। কখনোই সুদের উপর সুদ (চক্রবৃদ্ধি হারে) আরোপ করে না ;
- মাসিক কিস্তির অধিক হারে টাকা জমা করলে কিস্তির অতিরিক্ত টাকা আসল খাতে সমন্বয়পূর্বক আসলের রিডিউস্‌ড ব্যালেন্সের উপর সুদ চার্জ করা হয়ে থাকে ;
- নির্ধারিত সময়ের আগে ঋণের সমুদয় পাওনা পরিশোধ করলে শুধুমাত্র ভোগকৃত সময়ের উপর সুদ চার্জ করে ঋণ হিসাব নিষ্পত্তি করা হয়। ভবিষ্যতের কোন সুদ অন্তর্ভূক্ত থাকে না ;
- ঋণ আবেদন প্রসেস বা ঋণ কার্যক্রম চলাকালীন কোন লুক্কায়িত (Hidden) চার্জ থাকে না বা করা হয় না ;
- ঋণ আবেদন বা পরিদর্শন ফি অন্য যেকোন প্রতিষ্ঠানের তুলনায় কম ;
- ঋনের পরিমাণ নির্ধারণের সময় জমির বাজার মূল্যের উপর নির্ভর করা হয় না ;
- সহজ শর্তে সরকারী প্লটের ক্ষেত্রে ২০ দিন এবং বেসরকারী প্লটের ক্ষেত্রে ২৫ দিনের মধ্যে ঋণ মঞ্জুরী প্রদান করা হয় থাকে। তবে প্রয়োজনীয় কাগজপত্র সঠিক থাকলে ক্ষেত্রবিশেষে এর অর্ধেক সময়েও ঋণ মঞ্জুরী প্রদান করা হয়ে থাকে ;
- একমাত্র বিএইচবিএফসি দেশের সকল জেলা, উপজেলা সদর ও ইউনিয়নে সম্ভাবনাময় গ্রোথ সেন্টারে গৃহ নির্মাণের জন্য ঋণ প্রদান করে থাকে।

## প্রশাসন বিভাগের কার্যক্রম

### ❊ কর্পোরেশনের সাংগঠনিক কাঠামো অনুমোদন

অর্থ মন্ত্রণালয় অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে কর্পোরেশনের জনবল ও অফিস সংখ্যা পূর্বের তুলনায় বৃদ্ধি করা হয়েছে। কর্পোরেশনের অনুমোদিত সাংগঠনিক কাঠামো-২০০৯ এ সদর দফতরে বিভাগের সংখ্যা পূর্বের ৫টি থেকে বৃদ্ধি করে ৯টি করা হয়েছে। এছাড়া আলাদাভাবে পরিচালনা পর্ষদ সচিবালয়েরও অনুমোদন দেয়া হয়। কর্পোরেশনের কর্মকান্ড আরো গতিশীল করে জনগণের দোরগোড়ায় সেবা পৌছে দেয়ার লক্ষে কর্পোরেশনকে বিকেন্দ্রীকরণ করা হয়েছে। ইতোমধ্যে ঢাকাস্থ ৪টি জোনাল অফিস বিভাজন করে ৭টি জোনাল অফিসে রূপান্তর ও বিভাজিত জোনাল অফিসগুলি ঢাকার সংশ্লিষ্ট এলাকায় স্থানান্তর করে কার্যক্রম শুরু করা হয়েছে (২০১০-২০১১ অর্থ বছরে) যা ইতঃপূর্বে সদর দফতর ভবনে অবস্থিত ছিল। রংপুর ও ময়মনসিংহ রিজিওনাল অফিসকে আপ-গ্রেড করে জোনাল অফিসে উন্নীত করা হয়েছে। বর্তমানে অনুমোদিত সাংগঠনিক কাঠামো মোতাবেক সদর দফতরে ৯টি বিভাগ, পরিচালনা পর্ষদ সচিবালয় এবং মাঠপর্যায়ে ১৪টি জোনাল অফিস ও ১১টি রিজিওনাল অফিসের কার্যক্রম চালু রয়েছে।

### ❊ শূন্য পদে জনবল নিয়োগ

কর্পোরেশনের পুনর্বিন্যাসিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী অনুমোদিত মোট জনবল ৮২৫ জন। ৩১ মার্চ/২০১২ পর্যন্ত কর্পোরেশনের মোট জনবল ৪৪৯ জন। শূন্য পদপূরণে ইত্যবসরে সুপারভাইজার, আইন অফিসার, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী এবং সর্বশেষ সিনিয়র অফিসার পদে জনবল নিয়োগ দেয়া হয়েছে। মন্ত্রণালয়ের ছাড়পত্র মোতাবেক অফিসার, ডাটা এন্ট্রি অপারেটর, পিয়ন ও ফটোকপি মেশিন অপারেটর পদে নিয়োগ কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। বর্ণিত নিয়োগ কার্যক্রম সম্পন্ন হলে কর্পোরেশনের জনবল সমস্যার সমাধান হবে।

### ❊ কর্মকর্তা-কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০১১ প্রণয়ন

কর্পোরেশনের অনুমোদিত সাংগঠনিক কাঠামোর সাথে সংগতি রেখে ইতোমধ্যে বিএইচবিএফসি কর্মকর্তা-কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০১১ মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়েছে।

### ❊ ট্রাস্টি বোর্ড গঠন

কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের পেনশন তহবিল পরিচালনার জন্য শুরু থেকে এবং দীর্ঘকাল যাবত কোন ট্রাস্টি বোর্ড না থাকায় এতদসংক্রান্ত তহবিল অধিকতর লাভজনকখাতে (সঞ্চয়পত্রে) বিনিয়োগ করা সম্ভব হচ্ছে না। সম্প্রতি প্রশাসন বিভাগ হতে উদ্যোগ গ্রহণ করে কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য পেনশন পরিকল্পের (ট্রাস্টি বোর্ড গঠনসহ) খসড়া প্রনয়ন করা হয়েছে। কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রণয়নকৃত পেনশন পরিকল্পের খসড়া ইতোমধ্যে পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদন দেয়া হয়েছে, যা মন্ত্রণালয়ের চূড়ান্ত অনুমোদনের পর বাস্তবায়ন করা হবে।

### ❊ সাংগঠনিক কাঠামোর পুনর্বিন্যাস

মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত ২০০৯ সালের সাংগঠনিক কাঠামোটি বাস্তবতার নিরিখে পুনর্বিন্যাসের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ৮২৫ জন জনবল ঠিক রেখে পুনর্বিন্যাসিত সাংগঠনিক কাঠামোটি ইতোমধ্যে পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদন প্রদান করা হয়েছে যা চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

### ❊ গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা সংশোধন ও সিলিং পুনঃ নির্ধারণ

কর্পোরেশনের গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা যুগোপযোগীকরণ এবং গৃহ নির্মাণ অগ্রিমের সিলিং বৃদ্ধিকরণের বিষয়ে ইতোমধ্যে পরিচালনা পর্ষদের অনুমোদনের জন্য বোর্ড মেমো পেশ করা হয়েছে।

## ঋণ মঞ্জুরী, বিতরণ ও আদায়

চলতি ২০১১-২০১২ অর্থবছরে কর্পোরেশনের ঋণ মঞ্জুরী, বিতরণ ও আদায় কার্যক্রমে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। ২০১১-২০১২ অর্থবছরের মার্চ-২০১২ পর্যন্ত মোট ঋণ মঞ্জুরীর পরিমাণ ২৩২.৫০ কোটি টাকা বিতরণের পরিমাণ ২১৭.৮৩ কোটি টাকা এবং ঋণ আদায়ের পরিমাণ ২৮২.৭৬ কোটি টাকা। গৃহীত ব্যবস্থা এবং সর্বোপরি ঋণ মঞ্জুরী, বিতরণ ও আদায়ের ক্রমবর্ধমান ধারা পর্যালোচনায় আশা করা যায় চলতি অর্থবছরে লক্ষমাত্রা অর্জিত হবে।

ইমারত নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধির কারণে ঋণ গ্রহীতাদের বাড়ী নির্মাণের সুবিধার্থে বর্ধিত নির্মাণ হার জারী করা হয়েছে।

## ঋণ মঞ্জুরী, বিতরণ ও আদায় সংক্রান্ত চিত্র

(কোটি টাকার অংকে)

| মাসের নাম | ঋণ মঞ্জুরী | | ঋণ বিতরণ | | ঋণ আদায় | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১০-২০১১ | ২০১১-২০১২ | ২০১০-২০১১ | ২০১১-২০১২ | ২০১০-২০১১ | ২০১১-২০১২ |
| জুলাই | ১৩.২৪ | ১.০৬ | ১১.১৯ | ১৫.২৩ | ২৬.১৯ | ২৭.১১ |
| আগষ্ট | ১১.৪৬ | ২০.৫১ | ২০.৬৩ | ২০.২৩ | ২৭.৩৮ | ২৬.১৮ |
| সেপ্টেম্বর | ১৭.৯৪ | ৩৩.৪১ | ১২.৭৯ | ২৪.১৬ | ২৭.৪০ | ৩০.৫৪ |
| অক্টোবর | ২৫.৬৫ | ৩০.১১ | ১৮.৬১ | ৩১.২৫ | ২৭.৬১ | ২৯.৫১ |
| নভেম্বর | ২৬.৮১ | ৩৬.৬৯ | ১৬.৩০ | ২০.৩৬ | ২৮.৫০ | ২৮.৯২ |
| ডিসেম্বর | ২৪.৫৮ | ৪৬.৩৩ | ১৮.৬৮ | ২৭.৩৬ | ৩৭.০০ | ৩৮.১৭ |
| জানুয়ারি | ২৩.৪৬ | ২৫.৮৯ | ২১.২৩ | ৩২.৫০ | ৩০.২৪ | ২৮.৮৮ |
| ফেব্রুয়ারি | ২২.০৪ | ২২.৪৯ | ১৬.৬৫ | ২২.৮৩ | ৩৩.১৩ | ৩৬.৫৫ |
| মার্চ | ২৫.০১ | ১৬.০১ | ২০.১৬ | ২৩.৯১ | ৩৩.২১ | ৩৬.৯০ |
| মোট | ১৯০.১৯ | ২৩২.৫০ | ১৫৬.২৪ | ২১৭.৮৩ | ২৭০.৬৬ | ২৮২.৭৬ |

### খরিদা বাড়ি

চলতি ২০১১-২০১২ অর্থবছরের মার্চ/২০১২ পর্যন্ত মোট ৮০ টি খরিদাবাড়ি টেন্ডারের মাধ্যমে বিক্রয়ের জন্য অনুমোদন প্রদান করা হয়েছে, যার সাথে জড়িত টাকার পরিমাণ ১৫.২৬ কোটি টাকা। উল্লেখ্য, গত ২০১০-২০১১ অর্থবছরে মোট খরিদাবাড়ি বিক্রয়ের সংখ্যা ছিল ৬২ টি।

### রিসিডিউল সুবিধা

যে সকল ঋণ গ্রহীতা নিয়মিত মাসিক কিস্তি পরিশোধে ব্যর্থ হয়ে ঋণ খেলাপী হয়েছেন নিম্নোক্ত নির্ধারিত হারে ডাউনপেমেন্ট জমা দিয়ে তাদের ঋণ হিসাবসমূহের কিস্তি পুনঃতফসিলীকরণের (রিসিডিউলিং) মাধ্যমে তা নিয়মিতকরণের সুযোগ রয়েছে ঃ

**১ম বার রিসিডিউল ঃ**

খেলাপী ঋণের ন্যূনতম ১৫% অথবা সমুদয় পাওনা টাকার ১০% এই দুইয়ের মধ্যে যা কম ;

**২য় বার রিসিডিউল ঃ**

খেলাপী ঋণের ন্যূনতম ৩০% অথবা সমুদয় পাওনা টাকার ২০% এই দুইয়ের মধ্যে যা কম ;

**৩য় বা ততোধিকবার রিসিডিউল ঃ**

খেলাপী ঋণের ন্যূনতম ৫০% অথবা সমুদয় পাওনা টাকার ৩০% এই দুইয়ের মধ্যে যা কম।

### ক্যাম্প অফিস স্থাপন

পরিচালনা পর্যদের ৩৬৬ তম সভায় নরসিংদী, রাজবাড়ী, কক্সবাজার, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, পটুয়াখালী, পঞ্চগড়, গাইবান্ধা, কিশোরগঞ্জ জেলায় এবং মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলা সদরে একটি করে মোট ১১ টি ক্যাম্প অফিস স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ১ম পর্যায়ে গাইবান্ধা, কিশোরগঞ্জ ও শ্রীমঙ্গলে ক্যাম্প অফিস স্থাপনের কার্যক্রম চলছে।

### মামলা সংক্রান্ত তথ্য

খেলাপী ঋণ আদায়ের জন্য ২০১১-২০১২ অর্থবছরের মার্চ / ২০১২ পর্যন্ত মোট ১৬১২টি মামলা নিম্ন ও উচ্চ আদালতে বিচারাধীন ছিল। বিচারাধীন মামলাসমূহের বিপরীতে কর্পোরেশনের মোট পাওনা টাকার পরিমাণ ১৮০.৩১ কোটি টাকা। চলতি ২০১১-২০১২ অর্থবছরে নিষ্পত্তিকৃত সর্বমোট মামলার সংখ্যা ৩৫৬ টি এবং ঋণ কেসগুলো হতে মোট ৩৩.১৫ কোটি টাকা আদায় করা হয়েছে।

জানুয়ারি/২০১২ হতে মার্চ/২০১২ পর্যন্ত সদর দফতরসহ জোনাল /রিজিওনাল অফিসসমূহে ১০ জন প্যানেল আইনজীবী নিয়োগ দেয়া হয়েছে।

### তহবিল সরবরাহ ও অর্ধ বার্ষিক হিসাব সমাপ্তি ২০১১-২০১২

বিএইচবিএফসি দেশের অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের তুলনায় কম সুদ হারে ঋণ প্রদান করায় এবং ঋণ প্রদান পদ্ধতি সহজীকরণ করায় যে বিপুল চাহিদা তৈরী হয়েছে তা মেটানোর জন্য বাড়তি তহবিলের প্রয়োজন হয়ে পড়েছে। বাংলাদেশ ব্যাংক বিগত ০৩.০১.২০১২ তারিখে ইতঃপূর্বে ক্রয়কৃত ১০১.৫০ কোটি টাকার ডিবেঞ্চার মেয়াদিপূর্তির তারিখে বিদ্যমান ব্যাংক হারে পুনরায় পরবর্তী মেয়াদের জন্য নবায়নের মাধ্যমে তহবিল সরবরাহ করেছে। এছাড়াও সরকার কর্তৃক ২০০৮ সালে কর্পোরেশনের অনুকূলে মঞ্জুরীকৃত ৩০০ কোটি টাকার মধ্যে ২০৭.৫০ কোটি টাকার তহবিল সরবরাহ করার পর অবশিষ্ট ৯২.৫০ কোটি টাকা তহবিল সরবরাহের বিষয়টি মন্ত্রণালয়ে সক্রিয় বিবেচনাধীন আছে। আশা করা যাচ্ছে শীঘ্রই উক্ত ৯২.৫০ কোটি টাকা প্রদানের অনুমোদন পাওয়া যাবে।

বিএইচবিএফসি'র বর্তমান ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনা অনুসারে চলতি ২০১১-২০১২ অর্থ বছরের (জুলাই/২০১১ হতে ডিসেম্বর/২০১১ পর্যন্ত) অর্ধ বার্ষিক হিসাব সমাপ্তির কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

## অডিট বিভাগের কার্যক্রম

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের ৯টি বিভাগের মধ্যে অডিট বিভাগ বর্তমানে অধিকতর দক্ষতা ও কার্যকারিতার সাথে কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে অডিট কমিটি কর্তৃক নির্দেশিত মতে নির্দিষ্ট ক্যালেন্ডার মোতাবেক রিজিওনাল, জোনাল এবং সদর দফতরের সকল বিভাগের পোস্ট-অডিট ও পরিদর্শন কাজ নিয়মিতভাবে সম্পাদন করা হচ্ছে এবং উক্ত অডিট রিপোর্টসমূহ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পর্ষদের অডিট কমিটিতে উপস্থাপন করা হচ্ছে। পর্ষদের অডিট কমিটির সদয় নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক উত্থাপিত আপত্তিসমূহ নিষ্পত্তি করা হচ্ছে এবং অনিষ্পত্তির ক্ষেত্রে কমিটির নির্দেশিত মতে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হচ্ছে। ফলে অডিট বিভাগের সার্বিক কার্যক্রম বর্তমানে অধিকতর কার্যকর ও দক্ষভাবে পরিচালিত হওয়ায় কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে দায়িত্ব পালনের সচেতনতাসহ দক্ষতা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। ফলশ্রুতিতে কর্পোরেশনের খেলাপী ঋণ আদায় বৃদ্ধি পাচ্ছে, শ্রেণীকৃত ঋণ আদায়ের প্রচেষ্টা বৃদ্ধি ও খরিদা বাড়ি হতে টাকা আদায় ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। নিয়মিত পোস্ট-অডিটের ফলে মানসম্পন্ন ঋণ প্রদানের গতি বৃদ্ধি এবং একই সময়ে ঋণে বিনিয়োগ ক্রমান্বয়ে ঝুঁকিমুক্ত হচ্ছে। এছাড়া নিয়মিত পোস্ট-অডিটের ফলে অপ্রয়োজনীয় ব্যয় হ্রাস পাচ্ছে এবং কর্পোরেশনের আয় বৃদ্ধি পাচ্ছে। ৩১ মার্চ ২০১২ তারিখ পর্যন্ত অভ্যন্তরীণ পোস্ট-অডিট আপত্তির সংখ্যা ৩৯৪টি এবং বাণিজ্যিক অডিট আপত্তির সংখ্যা ২০৮টি। উল্লেখ্য, পোস্ট-অডিট ক্যালেন্ডার সিডিউল অনুযায়ী ইতোমধ্যে নির্ধারিত সকল অফিস ও সদর দফতরের বিভাগসমূহের পোস্ট-অডিট ও পরিদর্শন কার্য যথাসময়ে সম্পন্ন করা হয়েছে।

## সংসদীয় কমিটির সভায় বিএইচবিএফসি'র সার্বিক কার্যক্রম পর্যালোচনা

সম্প্রতি ২৬-০২-২০১২ তারিখে অনুষ্ঠিত নবম জাতীয় সংসদের সরকারী প্রতিষ্ঠান কমিটির ৫৯-তম বৈঠকে কর্পোরেশনের সার্বিক কার্যক্রমে সন্তোষ প্রকাশ করা হয় এবং সংসদীয় কমিটির সুপারিশের আলোকে নিম্নোক্ত বিষয়গুলোর দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে ঃ

- দেশের গ্রামীণ নিম্নবিত্ত বা নিম্ন মধ্যবিত্তদের গৃহ ঋণ সেবার আওতায় আনার লক্ষে ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংককে ২০০.০০ কোটি টাকা ঋণ সহায়তা চাওয়া হয়েছে। উক্ত তহবিল পেলে গ্রামীণ জনগোষ্ঠীর গৃহায়ণ সমস্যা সমাধানে আরো কার্যকর ভূমিকা পালন করা সম্ভব হবে।
- মেট্রো ও পৌর এলাকায় অভিবাসন নিরুৎসাহিত করার লক্ষে কর্পোরেশনের কার্যক্রমকে গ্রাম পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য অনুরূপ এলাকায় অনাবাদী বা একফসলী জমি চিহ্নিত করে নাগরিক সুবিধা সম্বলিত হাউজিং প্রকল্প তৈরীর পরিকল্পনার বিষয়ে প্রয়োজনীয় কর্ম পরিকল্পনাও রয়েছে।
- পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) এর আওতায় আবাদী জমি রক্ষাকল্পে গ্রামীণ এলাকায় বহুতল ভবন (মাল্টিস্টোরেড বিল্ডিং) কমপ্লেক্স তৈরীর বিষয়েও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- অনুমোদিত মূলধনের পরিমাণ বৃদ্ধির লক্ষে পি.ও-৭/১৯৭৩ সংশোধনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, যার ফলে কর্পোরেশনের তহবিল যোগান বৃদ্ধি পাবে।
- অর্থমন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগে আন্ত-মন্ত্রণালয় সভায় রাষ্ট্রপতির আদেশ নং-৭/১৯৭৩ সংশোধনের বিষয়ে নীতিগত সিদ্ধান্ত হয়েছে।
- সংসদীয় কমিটির মন্তব্যের আলোকে কমরেটে যে সকল দোকান/প্রতিষ্ঠানকে ফ্লোর ভাড়া দেয়া হয়েছে, তাদেরকে লিখিত ভাবে ভাড়া বৃদ্ধির তাগিদ দেয়া হয়েছে। উল্লেখ্য যে ক্ষেত্রে চুক্তির মেয়াদ নবায়ন করা হয়েছে বা নতুন ভাবে ভাড়া দেয়া হয়েছে সে ক্ষেত্রে ১০/- টাকা থেকে বৃদ্ধি করে সর্বোচ্চ ৪০/- টাকা ভাড়া দেয়া হয়েছে।

## পদোন্নতি



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের পরিচালনা পর্ষদের পরিচালক এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রালয়ের যুগ্ম সচিব জনাব মোঃ জিল্লার রহমান সম্প্রতি অতিরিক্ত সচিব পদে পদোন্নতি পাওয়ায় কর্পোরেশনের পক্ষ থেকে অভিনন্দন জানানো হয়।

## বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও চিত্ত বিনোদন-২০১২



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) এর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও চিত্ত বিনোদন (পিকনিক) অনুষ্ঠান-২০১২ ২০.০১.২০১২ তারিখ গাজীপুরের আনসার ও ভি ডি পি একাডেমী'র "লেক ভিউ" পিকনিক স্পটে অনুষ্ঠিত হয়। ক্রীড়া প্রতিযোগিতা শেষে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ শফিকুর রহমান পাটোয়ারী পুরস্কার বিতরণ করেন। এ সময় উপস্থিত ছিলেন একই বিভাগের অতিরিক্ত সচিব জনাব অমলেন্দু মুখার্জী ও জনাব মোঃ সহিদ উল্লা মিয়া, কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ ইয়াছিন আলী ও ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ নূরুল আলম তালুকদার। এছাড়া উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুগ্মসচিব জনাব গকুল চাঁদ দাস ও অরিজিৎ চৌধুরীসহ মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তাবৃন্দ ও বিএইচবিএফসির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

## আচরণ বিধি ও উদ্বুদ্ধকরণ সংক্রান্ত প্রশিক্ষণ





বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের প্রধান কার্যালয়ের ট্রেনিং সেন্টারে বিগত ১৩ জানুয়ারি ড্রাইভার ও পিয়নদের "আচরন বিধি ও উদ্বুদ্ধকরণ সংক্রান্ত" প্রশিক্ষণের আয়োজন করা হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ নূরুল আলম তালুকদার এ প্রশিক্ষণ উদ্বোধন করেন।

## বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স




বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনে সদ্যযোগদানকৃত শিক্ষানবিশ সিনিয়র অফিসারদের (১ম ব্যাচ) ২ সপ্তাহ ব্যাপী বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স ১৭.০১.২০১২ তারিখে কর্পোরেশনের ট্রেনিং সেন্টার-এ শুরু হয়। ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ নূরুল আলম তালুকদার প্রধান অতিথি হিসাবে কোর্সের উদ্বোধন করেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন কর্পোরেশনের মহাব্যবস্থাপক (অপারেশন) জনাব কফিল উদ্দিন আহাম্মদ চৌধুরী এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহাব্যবস্থাপক (প্রশাসন) আফরোজা গুল নাহার। এ সময় উপ-মহাব্যবস্থাপক ও সহকারী মহাব্যবস্থাপকবৃন্দ উপস্থিত ছিলেন।

## শহীদ মিনারে পুষ্পার্ঘ অর্পন ও স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী



২১ ফেব্রুয়ারি, ২০১২ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের পুরানা পল্টনস্থ অফিস চত্বরে ভাষা শহীদদের স্মরণে নবনির্মিত শহীদ মিনারের শুভ উদ্বোধন করেন কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ ইয়াছিন আলী এবং ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ নূরুল আলম তালুকদার। নবনির্মিত শহীদ মিনারে কর্পোরেশনের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী ও সুধিবৃন্দ পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। এ উপলক্ষে কর্পোরেশন স্বেচ্ছায় রক্তদান কর্মসূচীর আয়োজন করে।

## জোনাল ও রিজিওনাল ম্যানেজার সম্মেলন-২০১২




১৮ ফেব্রুয়ারি, ২০১২ তারিখে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের জোনাল ও রিজিওনাল ম্যানেজার সম্মেলন-২০১২ পুরানা পল্টনস্থ প্রধান কার্যালয়ের মিলনায়তনে অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে ২০১১-২০১২ অর্থ বছরের ঋণ মঞ্জুরী, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে ধার্যকৃত লক্ষমাত্রা অর্জনে অগ্রগতি মূল্যায়নসহ সার্বিক পর্যালোচনা করা হয়।

উক্ত সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিএইচবিএফসির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ ইয়াছিন আলী এবং সভাপতিত্ব করেন ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ নূরুল আলম তালুকদার।

এ সম্মেলনে কর্পোরেশনের চেয়ারম্যান জনাব মোঃ ইয়াছিন আলী ঋণ প্রদান সহজীকরণ, প্রতিটি জেলা ও উপজেলায় ঋণ প্রদান, গ্রোথ সেন্টার ও বাণিজ্যিক স্থানসমূহে ফ্ল্যাট ও যৌথ মালিকানাধীন প্লটে গ্রুপ ঋণ প্রদান এবং গ্রাহক সেবার মান বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ নূরুল আলম তালুকদার স্বল্প সময়ে ঋণ মঞ্জুরী, গ্রহিতাদের দ্রুত সার্ভিস প্রদান, খেলাপী ঋণ আদায় বৃদ্ধি ও পরিশোধকৃত ঋণের হিসাব দ্রুত নিষ্পত্তি করে দলিলপত্র ফেরত প্রদানের তাগিদ প্রদান করেন এবং মামলা নিষ্পত্তি ও খরিদা বাড়ি বিক্রির বিষয়ে জোড় তৎপরতা গ্রহণের নির্দেশ প্রদান করেন। এছাড়া তিনি কর্পোরেশনকে একটি আধুনিক প্রযুক্তি নির্ভর আবাসন খাতে ঋণ প্রদানকারী অন্যতম প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। সম্মেলনে জোনাল ও রিজিওনাল ম্যানেজারসহ সংশ্লিষ্ট সকলকে চলতি অর্থবছরের ঋণ মঞ্জুরী, ঋণ আদায় ও বিতরণের লক্ষমাত্রা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা চালানোর জন্য নির্দেশনা ও পরামর্শ প্রদান করা হয়।

## বিএইচবিএফসি আদর্শ উচ্চ বিদ্যালয়ের নবনির্মিত ভবন উদ্বোধন




২৫ ফেব্রুয়ারি, ২০১২ তারিখে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের উত্তরা স্টাফ কোয়ার্টার এর বিএইচবিএফসি আদর্শ উচ্চ বিদ্যালয়ের নবনির্মিত দ্বিতল ভবন উদ্বোধন করেন ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ নূরুল আলম তালুকদার। উদ্বোধনী অনুষ্ঠান শেষে স্কুলের সাফল্য ও উন্নতি কামনা করে মোনাজাত করা হয়।

## বিএইচবিএফসি আদর্শ উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের উত্তরাস্থ স্টাফ কোয়ার্টার এর বিএইচবিএফসি আদর্শ উচ্চ বিদ্যালয়ের ২০১২ সালের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২৫.০২.২০১২ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ ইয়াছিন আলী প্রধান অতিথি এবং ব্যবস্থাপনা পরিচালক জনাব ড. মোঃ নূরুল আলম তালুকদার বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

## বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স




বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের শিক্ষানবিশ সিনিয়র অফিসারদের (২য় ব্যাচ) ২ সপ্তাহ ব্যাপী বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স ০৪.০২.২০১২ তারিখে কর্পোরেশনের ট্রেনিং সেন্টার-এ শুরু হয়। ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ নূরুল আলম তালুকদার প্রধান অতিথি হিসাবে কোর্সের উদ্বোধন করেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন কর্পোরেশনের মহাব্যবস্থাপক (অপারেশন) কফিল উদ্দিন আহাম্মদ চৌধুরী এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহাব্যবস্থাপক (প্রশাসন) আফরোজা গুল নাহার। এ সময়ে উপ-মহাব্যবস্থাপক ও সহকারী মহাব্যবস্থাপকবৃন্দ উপস্থিত ছিলেন।

## প্রধান ফটকের ভিত্তিপ্রস্তর স্থাপন



বাংলাদেশে হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের প্রধান কার্যালয়ের সম্মুখভাগে কোন ফটক না থাকায় সম্মানিত ঋণ গ্রহিতাসহ সর্ব সাধারণের ভবনে প্রবেশের ক্ষেত্রে সমস্যা/অসুবিধা হতো। দীর্ঘ ৬০ বছর পর ঐতিহাসিক ৭ মার্চ, ২০১২ তারিখে কর্পেরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ নূরুল আলম তালুকদার কর্পোরেশনের প্রধান ফটকের ভিত্তি প্রস্তর স্থাপন ও ফলক উন্মোচন করেন। এ সময় কর্পোরেশনের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১২ উদ্‌যাপন




যথাযোগ্য মর্যাদার সাথে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন কর্তৃক ৪১ তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১২ উদ্‌যাপন করা হয়। ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ নূরুল আলম তালুকদার কর্পোরেশনের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের সাথে নিয়ে দিনের শুরুতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি ও জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পন করেন। এ উপলক্ষে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের প্রধান কার্যালয়ের মিলনায়তনে প্রথমবারেরমত আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতেই মহান স্বাধীনতা যুদ্ধের সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

কর্পোরেশনের চেয়ারম্যান মোঃ ইয়াছিন আলী এবং ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ নূরুল আলম তালুকদার স্বাধীনতা দিবসের তাৎপর্য তুলে ধরে সকল কর্মকর্তা ও কর্মচারীদের ঐক্যবদ্ধভাবে কাজ করে কর্পোরেশনের কর্মকান্ডকে এগিয়ে নেওয়ার আহবান জানান। আলোচনা সভা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয়। উক্ত অনুষ্ঠানে প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী ও আমন্ত্রিত অতিথি শিল্পীবৃন্দ কবিতা আবৃত্তি ও সংগীত পরিবেশন করেন।

# ১৪১৯

**বৈশাখ** — গ্রীষ্মকাল

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহঃ | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| ৩০ | ৩১ | | | | | ১ |
| ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ |
| ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ |

**জ্যৈষ্ঠ** — গ্রীষ্মকাল

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহঃ | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ |
| ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | | |

**আষাঢ়** — বর্ষাকাল

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহঃ | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| ৩১ | | | | | ১ | ২ |
| ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ |
| ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ |

**শ্রাবণ** — বর্ষাকাল

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহঃ | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ |
| ২৮ | ২৯ | ৩০ | ৩১ | | | |

**ভাদ্র** — শরৎকাল

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহঃ | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| | | | | ১ | ২ | ৩ |
| ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ |
| ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ |

**আশ্বিন** — শরৎকাল

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহঃ | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ |
| ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ |
| ২৯ | ৩০ | | | | | |

**কার্তিক** — হেমন্তকাল

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহঃ | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ |
| ২৭ | ২৮ | ২৯ | ৩০ | | | |

**অগ্রহায়ণ** — হেমন্তকাল

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহঃ | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| | | | | ১ | ২ | ৩ |
| ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ |
| ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | |

**পৌষ** — শীতকাল

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহঃ | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| ৩০ | | | | | | ১ |
| ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ |
| ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ |

**মাঘ** — শীতকাল

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহঃ | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ |
| ২৮ | ২৯ | ৩০ | | | | |

**ফাল্গুন** — বসন্তকাল

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহঃ | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| | | | ১ | ২ | ৩ | ৪ |
| ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ |
| ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | | |

**চৈত্র** — বসন্তকাল

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহঃ | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ১ | ২ |
| ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ |
| ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ |


সম্পাদক মন্ডলী ঃ মোঃ আব্দুল কাদের মন্ডল, সহকারী মহাব্যবস্থাপক (পি টি পি আর), আবু বকর সিদ্দিক খান, প্রিন্সিপাল অফিসার (পর্ষদ সচিবালয়), মোঃ বদিউজ্জামান, প্রিন্সিপাল অফিসার (প্রশাসন) , মোছাঃ জুবাইদা খাতুন, প্রিন্সিপাল অফিসার (পি টি পি আর) সদর দফতর, ঢাকা।

প্রকাশনায় ঃ পরিকল্পনা, প্রশিক্ষণ ও জন সংযোগ বিভাগ, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন
২২ পুরানা পল্টন, ঢাকা-১০০০, E-mail : bhbfc@bangla.net, Web : www.bhbfc.gov.bd